উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী (মাস: ডিসেম্বর/২০২১)

অধিবেশন:-১১১

উপদেষ্টা : জনাব আনোয়ারুল আবেদীন খান (তুহিন), মাননীয় জাতীয় সংসদ সদস্য
১৫৪-ময়মনসিংহ-৯, নান্দাইল, ময়মনসিংহ ।

সভাপতি : জনাব হাসান মাহমুদ জুয়েল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল ।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ ।

তারিখ : ১৩ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ ।

সময় : বেলা ১১.০০ ঘটিকা ।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত ।

সভার প্রারম্ভে সভাপতির অনুরোধক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা পরিষদ জামে মসজিদের সহকারী ইমাম জনাব আবু বক্কর সিদ্দিক । অতঃপর চেয়ারম্যান, উপজেলা পরিষদ নান্দাইল এর অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল কর্তৃক আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ নিম্ন বর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **০১ । উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন ।** | **বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় এবং কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয় ।** | সংশ্লিষ্ট সদস্যগণ । |
| ০২ । **মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় জানান** অত্র উপজেলায় অবস্থিত ইউনিয়ন পরিষদ ভবনগুলির মেরামত করা প্রয়োজন । মেরামতের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলী নান্দাইলকে পরামর্শ প্রদান করেন । | উপজেলা প্রকৌশলী নান্দাইল, অত্র উপজেলায় অবস্থিত ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের প্রাক্কলন প্রস্তুত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নান্দাইল । |
| বীর বেতাগৈর ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের জন্য দ্রুত জমি সংগ্রহকরে জমির কাগজ দাখিল করার জন্য পরামর্শ প্রদান করেন । | বীর বেতাগৈর ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় জমি সংগ্রহ এবং জমির কাগজ পত্র দাখিল করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । | চেয়ারম্যান বীরবেতাগৈর ইউনিয়ন পরিষদ |
| উপসহকারী প্রকৌশলীকে (বিএডিসি) খাল খনন বিষয়ে পরামর্শ প্রদান করেন । | উপসহকারী প্রকৌশলীকে (বিএডিসি) প্রাক্কলন মোতাবেক খাল খনন/খাল পুনঃখননের সর্বসম্ম সিদ্ধান্ত গৃহীত হয় । | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) নান্দাইল । |
| নান্দাইল উপজেলায়, ঈশ্বরগঞ্জ উচাখিলা জিসি (লাটিয়ামারি বাজার) চরভেলামারিবাজার-চরকমরভাংগা-চরউত্তরবন্দ-চরশ্রিরামপুর আরএন্ডএইচ-ভাটি কান্দাপাড়া বেরিবাধ রাস্তা জনগুরুত্বপূর্ণ সড়কটি গেজেটে অর্ন্তভুক্ত করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে পরামর্শ প্রদান করেন । | নান্দাইল উপজেলায়, ঈশ্বরগঞ্জ উচাখিলা জিসি (লাটিয়ামারি বাজার) চরভেলামারিবাজার-চরকমরভাংগা-চরউত্তরবন্দ-চরশ্রিরামপুর আরএন্ডএইচ-ভাটি কান্দাপাড়া বেরিবাধ রাস্তা জনগুরুত্বপূর্ণ সড়কটি গেজেটে অর্ন্তভুক্ত করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নান্দাইল । |
| উপজেলা পরিষদ মাসিক সাধারন সভায় নীতিমালা অনুযায়ী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সদস্য হওয়ায় উক্ত সভায় উপস্থিত থাকা জরুরী । চেয়ারম্যানদের অনুপস্থিতির কারনে অনেক সময় ইউনিয়ন পরিষদের বিভিন্ন বিষয়ে জানা যায় না, এমনকি উন্নয়ন কাজে ব্যঘাত সৃষ্টি হয় । সে জন্য উপজেলা পরিষদ মাসিক সাধারন সভায় চেয়ারম্যানগণের অনুপস্থিতিতে সংশ্লিষ্ট সচিবকে উপস্থিত থাকার প্রস্তাব উত্থাপন করেন । | উপজেলা পরিষদ মাসিক সাধারন সভায় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের অনুপস্থিতিতে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ সচিবকে উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় । | চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ । |
| তিনি আরও জানান যে, জন্ম নিবন্ধন করার সময় মানুষ অনেক হয়রানি হচ্ছে । সহজভাবে সেবা দেয়ার জন্য সকল ইউনিয়ন পরিষদ হতে জন্ম নিবন্ধন ফরম প্রয়োজনে খাতায় এন্টিকরে প্রতিটি কমিউনিটি সেন্টারের দায়িত্ব প্রাপ্ত কর্মচারির নিকট রাখিয়ে দিতে হবে । তাহলে মানুষ সহজেই ফরমগুলি পাবে । | সচিব সকল ইউনিয়ন পরিষদ জন্ম নিবন্ধন ফরম ইউনিয়ন পরিষদে হতে সংশ্লিষ্ট কমিউনিটি সেন্টারের অফিসের দায়িত্ব প্রাপ্ত কর্মচারির নিকট জমা রাখবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় । | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)/ সচিব ইউনিয়ন পরিষদ (সকল) |

| | | |
|---|---|---|
| ০৩। **উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে,** জন্ম নিবন্ধন আবেদনের সাথে প্রয়োজনীয় সকল কাগজপত্র দাখিল করতে হবে। জন্ম নিবন্ধন সংশোধনী আবেদনের সাথে প্রয়োজনীয় কাগজ পত্র সঠিকভাবে দেওয়া জন্য ইউনিয়ন পরিষদ সচিবগণকে পরামর্শ প্রদান করেন। সহজভাবে মানুষকে হয়রানি না করে দ্রুত সেবা দেয়ার বিষয়ে আলোচনা করেন।<br>তিনি আরও জানান যে, অমিক্রন করোনা ভাইরাস (কোভিড-১৯) ডেল্টা ভাইরাসের চেয়ে আরও তিনগুন বেশি শক্তিশালী হওয়ায় সকলকে স্বাস্থ বিধি মেনে চলার আহবান জানান। | জন্ম নিবন্ধন সংশোধনী আবেদনের সাথে প্রয়োজনীয় কাগজ পত্র সঠিকভাবে দাখিল করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব ইউনিয়ন পরিষদ সকল। |
| ০৪। **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান যে,** বিভিন্ন জাতীয় কর্মসূচীতে মসজিদের মাইক ব্যবহার করতে মসজিদের ইমাম/ কমিটির সভাপতি বাঁধাদেন।<br>সমাজসেবা থেকে ভাতা উত্তোলনের ক্ষেত্রে করোনা টিকা দুই ডোজ সম্পন্ন করা হয়েছে।<br>জন্ম নিবন্ধন সম্পন্ন করার জন্য ইউডিসি কে জোরদার করার বিষয়ে আলোচনা করেন। | নীতিমালা মোতাবেক বিভাগীয় কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, নান্দাইল। |
| ০৫। **উপজেলা কৃষি বিভাগ ঃ** রবি ২০২১-২২ মৌসুমে অত্র উপজেলায় ২১৯০৫ হেক্টর জমিতে বোরো আবাদ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৮৯৩৬০ মেঃটন। সে মোতাবেক অত্র উপজেলায় ১৩৯৮ হেক্টর জমিতে বোরো বীজতলা স্থাপন করা হয়েছে এর মধ্যে কৃষক পর্যায়ে ১৩৮ হেঃ জমিতে আদর্শ বীজতলা স্থাপন করা হয়েছে। বীজতলা বপন প্রায় শেষ পর্যায়ে রয়েছে। এছাড়া গত খরিপ-২/২০২১-২০২২ মৌসুমে অত্র উপজেলায় ২২৩৬০ হেক্টর জমিতে রোপা আমন আবাদ হয়েছিল। এখন পর্যন্ত ৯৫% ফসল কাটা সম্পন্ন হয়েছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নান্দাইল কর্তৃক প্রতিটি জাতের নমুনা শস্য কর্তন করা হয়েছে ফসল শতভাগ কর্তন শেষ হলে মোট উৎপাদন নির্ধারণ করা হবে। অনুকুল আবহওয়া থাকায় এ বছর বাম্পার ফলন হবে আশা করা যাচ্ছে। | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নান্দাইল কর্তৃক প্রতিটি জাতের নমুনা শস্য কর্তন করা এবং ফসল শতভাগ কর্তন শেষ হলে মোট উৎপাদন নির্ধারণ করার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| ২০২১-২২ অর্থ বছরে রবি মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় ২০৮০ জন কৃষকের মাঝে উফশী বীজ ও রাসায়নিক সার প্রণোদনা বিতরণ করা হয়েছে এবং ৫৪০০ জন কৃষকের মাঝে ২ কেজি করে হাইব্রীড বীজ বিতরণ করা হয়েছে। উক্ত বিতরনের উদ্বোধন করেছেন চেয়ারম্যান উপজেলা পরিষদ নান্দাইল মহোদয়। | প্রণোদনা কর্মসূচীর কাজ নীতিমালা মোতাবেক সফল বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| চলতি ডিসেম্বর/২০২১ মাসে ৮৪৭ মেঃটন ইউরিয়া সার বরাদ্দ প্রদান করা হয়েছিল, যার মধ্যে ৩৮ মেঃটন সার উত্তোলন করা হয়েছে। অদ্য পর্যন্ত ইউরিয়া-২৯০ মেঃটন, টিএসপি-৬৪ মেঃটন, ডিএপি-১৪৫ মেঃটন, এবং এমওপি-১০২ মেঃটন সার মজুদ রয়েছে। নিয়মিত ডিলারগণ রাসায়নিক সার উত্তোলন করে আসছেন। ইউরিয়া ও নন-ইউরিয়া সারের আগমনী বার্তা সঠিক সময়ে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে জমা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। সারের মূল্য যেন বৃদ্ধি না পায় সে জন্য সর্বদা দোকান মনিটরিং করা হচ্ছে। | সারের গাড়ী আনলোড করার সময় উপসহকারি কৃষি কর্মকর্তাদের মাধ্যমে তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সারের মূল্য যেন বৃদ্ধি না পায় সে জন্য সর্বদা দোকান মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। কোন ধরনের রাসায়নিক সারের সংকট যেন না হয় এবং মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল।<br>উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| ০৬। **উপজেলা প্রাণী সম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান যে,আসন্ন শীত মৌসুমে হাঁস মুরগির জন্য প্রাণঘাতি রোগ বার্ডফ্লু যাতে ছড়িয়ে না পড়ে তার জন্য প্রাণী সম্পদ বিভাগের মাঠ পর্যায়ের কর্মীরা সদাসর্তক অবস্থায় আছে। চন্ডীপাশা ইউনিয়ন পরিষদে প্রাণী সম্পদ বিভাগের জন্য রুমটি যাতে প্রাণী সম্পদ বিভাগের জন্য দেওয়া হয় সে | চন্ডীপাশা ইউনিয়ন পরিষদ ভবনে প্রাণী সম্পদ বিভাগের রুমটি অফিস পরিচালনার জন্য জরুরী ভিত্তিতে উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তাকে বুঝিয়ে দেওয়ার জন্য সচিব চন্ডীপাশা ইউনিয়ন পরিষদ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নান্দাইল/ সচিব চন্ডীপাশা ইউনিয়ন পরিষদ, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| ইউনিয়নে এনএটিপি প্রকল্প ফেজ-11 এর সীল জনাব শাহীন আকন্দ দীর্ঘ ৩ মাস যাবৎ তার সাথে মোবাইল ফোনে যোগাযোগ করা যাচ্ছেনা। তার পরিবর্তে একজন নতুন সীল নিয়োগের জন্য প্রস্তাব উত্থাপন করেন।<br>প্রাণী সম্পদ বিভাগকে জরুরী সেবা সার্ভিসের আওতায় আনার জন্য মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন | | |
| **০৭। উপজেলা মৎস্য বিভাগ :** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান অত্র নান্দাইল উপজেলায় তিনি নতুন যোগদান করেছেন। তিনি বিভাগীয় কার্যক্রমে সকল সদস্যগণের সহযোগিতা কামনা করেন। | নবযোগদানপ্রাপ্ত সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে বিভাগীয় কাজে সকল সদস্যগণ সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সদস্যগণ |
| **০৮। উপজেলা প্রকৌশল বিভাগ :** উপজেলা প্রকৌশলী জানান যে, পরিশিষ্ট-খ তে সংযুক্ত এলজিইডি নান্দাইল এর গেজেট বহির্ভূত অতি প্রয়োজনীয় একটি উপজেলা সড়ক (UZR) এবং একটি গ্রামীণ সড়ক এ (VR-A) ক্রমিক নং ১ হতে ২ পর্যন্ত মোট ২টি সড়ক যার আইডি নং যথাক্রমে ৩৬১৭২২০০৭ এবং ৩৬১৭২৪১০৫ গেজেট ভুক্ত করার জন্য অত্র সভায় উত্থাপন করেন। | পরিশিষ্ট-খ তে সংযুক্ত এলজিইডি নান্দাইল এর গেজেট বহির্ভূত অতি প্রয়োজনীয় একটি উপজেলা সড়ক (UZR) এবং একটি গ্রামীণ সড়ক এ (VR-A) ক্রমিক নং ১ হতে ২ পর্যন্ত মোট ২টি সড়ক যার আইডি নং যথাক্রমে ৩৬১৭২২০০৭ এবং ৩৬১৭২৪১০৫ গেজেট ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নান্দাইল। |
| তিনি আরও জানান যে, ২০২১-২০২২ অর্থ বৎসরের এডিপি এর আওতায় সাধারণ এবং রাজস্ব খাত হতে স্থানান্তরিত (এডিপি) এর অর্থায়নে বাস্তবায়নের নিমিত্তে বাছাইকৃত প্রকল্প তালিকার ক্রমিক নং ১ হতে ২৯ পর্যন্ত (১ম পাতা) এডিপি সাধারণ ও ক্রমিক নং ১ হতে ৮ পর্যন্ত (২য় পাতা) রাজস্ব খাত হতে স্থানান্তরিত (এডিপি) টেন্ডারের মাধ্যমে এবং ক্রমিক নং ১ হতে ১৬ পর্যন্ত (৩য় পাতা) এডিপি সাধারণ ও ক্রমিক নং ১ হতে ২২ পর্যন্ত (৪র্থ পাতা) রাজস্ব খাত হতে স্থানান্তরিত (এডিপি) পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য পরিশিষ্ট-গ তালিকা সভায় উত্থাপন করেন। | ২০২১-২০২২ অর্থ বৎসরের এডিপি এর আওতায় স্কীম ক্রমিক নং ১ হতে ২৯ পর্যন্ত (১ম পাতা) এডিপি সাধারণ ও ক্রমিক নং ১ হতে ৮ পর্যন্ত (২য় পাতা) রাজস্ব খাত হতে স্থানান্তরিত (এডিপি) টেন্ডারের মাধ্যমে এবং ক্রমিক নং ১ হতে ১৬ পর্যন্ত (৩য় পাতা) এডিপি সাধারণ ও ক্রমিক নং ১ হতে ২২ পর্যন্ত (৪র্থ পাতা) রাজস্ব খাত হতে স্থানান্তরিত (এডিপি) পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য পরিশিষ্ট-গ তালিকা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নান্দাইল। |
| উপজেলা পরিষদ ভবনগুলি মেরামত করা জরুরী প্রয়োজন। উপজেলা পরিষদ গেজেটেড কোয়ার্টার-৫, উপজেলা পরিষদ আসাবসিক ভবন-৬ এবং ৭ মেরামত ও রং করণসহ অন্যান্য কাজের লক্ষ্যে ৪০,০০,০০০/- টাকার প্রাক্কলন সভায় উত্থাপন করেন। | উপজেলা পরিষদ গেজেটেড কোয়ার্টার-৫, উপজেলা পরিষদ আসাবসিক ভবন-৬ এবং ৭ মেরামত ও রং করণসহ অন্যান্য কাজের লক্ষ্যে ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকার প্রাক্কলন সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উধ্বর্তন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল/উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল/উপজেলা প্রকৌশলী,নান্দাইল। |
| **০৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে,** ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়েল আওতায় অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির (ইজিপিপি) প্রকল্পের ১৩টি ইউনিয়নের উপকারভোগির নামের তালিকা মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ৯২-৯৩ মহাখালী বা/এ ঢাকা হতে পাওয়া যায়। প্রাপ্ত তালিকা হতে দেখা যায় যে, অনেক লোক এলাকায় বসবাস করে না অন্যত্র স্থানান্তরিত হয়েছে, তালিকায় মৃত ব্যক্তির নাম অন্তর্ভুক্ত রয়েছে, কির্ধারিত বয়সেরচেয়ে অধিক বয়স, ১৮ বছরের কম এবং কিছু লোক কাজ করতে অনাগ্রহী। তালিকাটিতে ভুল পাওয়া যায়। প্রাপ্ত তালিকায় অনেক অসঙ্গতি পাওয়া যায়। উক্ত তালিকা সংশোধন/নতুন তালিকা প্রণয়ন করা জরুরী প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির (ইজিপিপি) প্রকল্পের উপকারভোগিদের উক্ত তালিকা সংশোধন/নতুন তালিকা প্রণয়নের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করেন।<br>আসন্ন শীত মৌসুমে গরীব ও দুস্থ্যদের মধ্যে বিতরণের জন্য ৬১১০ পিস কম্বল এবং কম্বল ক্রয়ের জন্য ১২,৯৯,০৫০.৯৯ টাকা, পৌরসভার অনুকূলে ৪৭০ পিস এবং কম্বল ক্রয়ের জন্য ১,১০,৭৯২.৭৫ টাকা বরাদ্দ পাওয়া গেছে। | ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের আওতায় অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির (ইজিপিপি) প্রকল্পের ১৩টি ইউনিয়নের উপকারভোগির প্রাপ্ত নামের তালিকা সংশোধন/নতুন তালিকা প্রনয়ণের জন্য সংশ্লিষ্ট উধ্বর্তন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| **১৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নান্দাইল সভায় জানান যে,** ২০২১-২০২২ অর্থ বছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষনে ৫টি ব্যাচে ১৫০ জন যুবক ও যুবনারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আত্মকর্মসংস্থান হয়েছে ২৫ জন। ঋণ কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন হচ্ছে। ঋণ খেলাপীর আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন। | নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |
| **১৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,** ৩টি ট্রেডের প্রশিক্ষণ চলমান রয়েছে। ভিজিডি খাদ্য শস্য বিতরণ বিষয়ে আলোচনা করেন। | উপজেলা ভিজিডি কমিটির সভার মাধ্যমে নীতিমালা মোতাবেক ভিজিডি বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নান্দাইল। |
| **১৫। ডেপুটি জেনারেল ম্যানজার কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি নান্দাইল জোনাল অফিস সভায় জানান যে,** বকেয়া বিল আদায় কার্যক্রম চলমান রয়েছে। বিল পরিশোধের জন্য সকল সদস্যগণকে অনুরোধ জানান। | বকেয়া বিল আদায়ে প্রয়োজনীয় কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, কিপবিস। |
| **১৬। উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) জানান যে,** সেচ লাইসেন্স এর মাঠ পরিদর্শন নীতিমালা অনুযায়ী চলমান রয়েছে।<br>অসম্পূর্ণ চিকনী খাল পুনঃখনন কাজ উপজেলা চেয়ারম্যান মহোদয় কর্তৃক নির্ধারিত দিনে শুরু হবে। | সেচ লাইসেন্স এর মাঠ পরিদর্শন নীতিমালা অনুযায়ী চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>অসম্পূর্ণ চিকনী খাল পুনঃখনন কাজটি সুন্দর ও সুষ্ঠুভাবে প্রাক্কলন মোতাবেক সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) নান্দাইল। |
| **১৭। সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান** সেচ নীতিমালা মোতাবেক সেচ লাইসেন্স প্রদানের বিষয়ে আলোচনা করেন। উচু/নিচু, জমি/স্থান বিবেচনা করে সেচ লাইসেন্স প্রদানের পরামর্শ প্রদান করেন।<br>২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) স্কীম উত্থাপন করেন।<br><br>তিনি আরও জানান যে, সন্ধারপর উপজেলা পরিষদ আঙ্গিনা অন্ধকার থাকায় বহিরাগতদের চলাফেরা লক্ষ করা যায়। উপজেলা পরিষদের নিরাপত্তার স্বার্থে উপজেলা পরিষদ আবাসিক এলাকা, উপজেলা পরিষদ চত্বরে বৈদ্যুতিক এলইডি ফ্লাট লাইট স্থাপন করা প্রয়োজন ও বিদ্যুৎ চলেযাওয়ারপর সোলার প্যানেল ট্রিট লাইট স্থাপন করা প্রয়োজন এবং উপজেলা পরিষদ পুরাতন হল রুমের বারান্দা রং করন করা প্রয়োজন। এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | নীতিমালা মোতাবেক সেচ লাইসেন্স প্রদানের এবং উচু/নিচ স্থান বিবেচনা করে সেচ লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহী হয়।<br><br>২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) স্কীম পরিশিষ্ট-গ সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উপজেলা পরিষদ আবাসিক এলাকা, উপজেলা পরিষদ চত্বরে বৈদ্যুতিক এলইডি ফ্লাট লাইট স্থাপন করা এবং উপজেলা পরিষদ পুরাতন হল রুমের বারান্দা রং করন প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল বাসাবাড়ী রক্ষনাবেক্ষণ খাত হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্প বাস্তবায়ন কমিটি- ১। সভাপতি জনাব হাসনা হেনা, নান্দাই ইউপি সদস্য, ২। মোঃ হুমায়ুন কবির হিসাব সহকারি, এলজিইডি অফিস-সদস্য, ৩। বাবলি দাস প্রধান শিক্ষিকা, আল-আজহার সঃপ্রাঃবিঃ-সদস্য, ৪। মোঃ সোহেল ভূইয়া, পিতা- মহিউদ্দিন ভূইয়া<br>গ্রাম-চারআনি পাড়া, ৫। মোঃ শহিদুল্লাহ ইউপি সদস্য,৯নং আচারগাঁও ইউনিয়ন পরিষদ<br><br>উপজেলা পরিষদের নিরাপত্তার স্বার্থে এবং অফিস কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে উপজেলা পরিষদ কমপ্লেক্স চত্বরে ৬টি ট্রিট লাইট সোলার প্যানেল এবং ১টি ৪০ ওয়াটের সোলার প্যানেল স্থাপন বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে সোলার প্যানেল খাত হতে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা কোটেশন কমিটির মাধ্যমে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) নান্দাইল। উপজেলা<br><br>প্রকৌশলী,এলজিইডি নান্দাইল।<br><br>চেয়ারম্যান উপজেলা পরিষদ,নান্দাইল/ উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল/ উপজেলা প্রকৌশলী, নান্দাইল।<br><br>চেয়ারম্যান উপজেলা পরিষদ,নান্দাইল/ উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল/ উপজেলা প্রকৌশলী, নান্দাইল। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/১২/২০২১

(হাসান মাহমুদ জুয়েল)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নান্দাইল, ময়মনসিংহ।

তারিখ ঃ-১৩/১২/২০২১ খ্রিঃ।

স্মারকনং- ৪৬.৪৫.৬১৭২.০০০.০৬.০০১.২০-২৪৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৪- ময়মনসিংহ- ৯, নান্দাইল।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১/উপজেলা শাখা-২ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মেয়র, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ।
৬। জনাব মোঃ সারোয়ার হাসান, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৭। জনাব মনোয়ারা জুয়েল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৮। উপজেলা ---------------------------------------------------- অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ----------------------------------ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
১০। অফিস কপি।

১৩/১২/২০২১

(মোহাম্মদ আবুল মনুসর)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।